*বাংলাদেশে তথা বিশ্বে জামানতবিহীন ক্ষুদ্র ঋণ প্রদানে সরকারের পথিকৃৎ প্রকল্প থেকে সৃষ্ট*

# ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি প্রতিষ্ঠান

আঞ্চলিক কার্যালয়, বগুড়া।

www.sfdf.gov.bd

## প্রতিষ্ঠানের ভিশন ও মিশন

**ভিশনঃ** উৎপাদন বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য বিমোচন, পল্লী উন্নয়ন ও নারীর ক্ষমতায়ন

**মিশনঃ** ক্ষুদ্র কৃষক পরিবারের কর্মক্ষম নারী ও পুরুষকে ক্ষুদ্র ঋণ প্রদানের মাধ্যমে পুঁজি সৃষ্টি করে আয় ও সক্ষমতা বৃদ্ধি

## নাগরিক সেবাসমূহঃ

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | সরকারি অর্থ বিনিয়োগের মাধ্যমে ক্ষুদ্র কৃষক পরিবার ও দরিদ্র মানুষকে কর্মসংস্থানের জন্য আর্থিক ঋণ সুবিধা প্রদান | ফাউন্ডেশনের কর্মকর্তাগণ স্বেচ্ছাসেবী মনোভাব নিয়ে দরিদ্র মানুষকে সংগঠিত করে কেন্দ্র গঠন করেন। কেন্দ্রের সদস্যদের বিভিন্ন আয়বর্ধনমূলক পেশা ও কাজের দক্ষতা বিবেচনা করে তাদের বিভিন্ন আয়বর্ধনমূলক কার্যক্রম (IGA) বাস্তবায়নে ঋণ প্রদানের জন্য বাছাই করেন এবং স্বল্পতম সময়ের মধ্যে ঋণ সুবিধা প্রদান করে থাকেন। এজন্য ফাউন্ডেশনের কর্মকর্তাদের কোন ধরনের আর্থিক সুবিধা গ্রহণের সুযোগ নেই। কাউকে ঋণ গ্রহণে ফাউন্ডেশনের কোন কর্মকর্তাকে কোন রকমের অর্থ দিতে হয় না। দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়নে এটি সরকারি কার্যক্রমের অংশ। | ক্ষুদ্র ঋণ ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের কার্যনির্দেশিকা অনুযায়ী নির্ধারিত ফরম (ওয়েবসাইটে প্রকাশিত)।<br>উপজেলা কার্যালয় | সরকার কর্তৃক নির্ধারিত সার্ভিস চার্জ<br>আসল টাকার সাথে যুক্ত করে সাপ্তাহিক/মাসিক কিস্তিতে আদায় করা হয়ে থাকে। | ০৭ দিন | এসএফডিএফ-এর কর্মএলাকাভুক্ত উপজেলা কার্যালয়ের উপজেলা ব্যবস্থাপক ও মাঠ কর্মকর্তাগণ |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| ২ | সদস্য ভর্তি | সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে এবং কৃষি ও উৎপাদন কাজে সম্পৃক্ত পরিবারের সদস্য হয়ে থাকে। তবে নারীদের অগ্রাধিকার দেয়া হয়ে থাকে। এছাড়া জাতীয় পরিচয়পত্র ও মোবাইল নম্বর থাকতে হবে। সদস্যদের বয়স ১৮ থেকে ৬০ বছরের মধ্যে হতে হবে। | সদস্য ভর্তি ফরম | ৩০ টাকা | ০১ দিন | উপজেলা ব্যবস্থাপক ও মাঠ কর্মকর্তাগণ |
| ৩ | কেন্দ্র গঠন | উপজেলার ভূমিহীন, প্রান্তিক চাষি ও ক্ষুদ্র কৃষকদের ২৫-৩০ জন সদস্যকে নিয়ে কেন্দ্র গঠন করা। সঞ্চয় জমায় উদ্বুদ্ধ করে সদস্যদের নিজস্ব পুর্জিগঠন এবং ক্ষুদ্র ঋণ সুবিধা প্রদান। | - | বিনামূল্যে | - | উপজেলা ব্যবস্থাপক ও মাঠ কর্মকর্তাগণ |
| 4 | জামানতবিহীন | কার্যনির্দেশিকা অনুসারে কার্যক্রম পরিচালনা করা হয়। প্রাথমিক পর্যায়ে ৩০ হাজার টাকা থেকে ৭০ হাজার টাকা পর্যন্ত বিভিন্ন আয়বর্ধনমূলক কার্যক্রমে জামানতবিহীন ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়। ১১% হারে সেবামূল্যসহ এ ঋণ সাপ্তাহিক কিস্তিতে পরিশোধযোগ্য ঋণ পরিশোধের সর্বোচ্চ মেয়াদ ১ বছর। ঋণগ্রহীতা সদস্যের নিজের মৃত্যুর ক্ষেত্রে ঋণ অবলোপন করা হয়। এজন্য ১% ঝুঁকিভাতা নেয়া হয়। এছাড়া সদস্য ভর্তি ফি ৩০ টাকা এবং পাশ বই বাবদ ১০ টাকা নেয়া হয়। | ক্ষুদ্র ঋণের কার্যনির্দেশিকা অনুযায়ী নির্ধারিত ফরম (ওয়েবসাইটে প্রকাশিত)। | সরকার কর্তৃক নির্ধারিত সার্ভিস চার্জ | ০৭ দিন | উপজেলা ব্যবস্থাপক ও মাঠ কর্মকর্তাগণ |
| | ক্ষুদ্র ঋণ | | উপজেলা কার্যালয় | আসল টাকার সাথে যুক্ত করে সাপ্তাহিক কিস্তিতে আদায় করা হয়ে থাকে। | | |
| ৫ | ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ | ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ নীতিমালা অনুযায়ী পূর্বের গ্রাজুয়েট সদস্যগণ এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তা/ ব্যবসায়ীরা এসএফডিএফ-এর সদস্যভূক্তির পর ৫০ হাজার হতে ৩ লাখ টাকা পর্যন্ত বিভিন্ন প্রকল্পে ঋণ নিতে পারবেন। ১১% হারে সেবামূল্যসহ মাসিক কিস্তিতে এ ঋণ পরিশোধযোগ্য। ঋণ পরিশোধের সর্বোচ্চ মেয়াদে ২ বছর, ঋণ আবেদনপত্র মূল্য ২০ টাকা, আবেদনপত্র যাচাই খরচ ১০০ টাকা এবং মূল্যায়ন ফি মঞ্জুরীকৃত ঋণের ০.৫% ও প্রাতিষ্ঠানিক ঝুঁকি ১% নেওয়া হয়। এই ঋণের ক্ষেত্রে নীতিমালা অনুযায়ী জামানতনামা | ক্ষুদ্র উদ্যোক্তা কার্যনির্দেশিকা ও কোভিড-১৯ ঋণ বিতরণের নীতিমালা অনুযায়ী নির্ধারিত ফরম (ওয়েবসাইটে প্রকাশিত)। | সরকার কর্তৃক নির্ধারিত সার্ভিস চার্জ | ০৭ দিন | সংশ্লিষ্ট আঞ্চলিক ব্যবস্থাপক, উপজেলা ব্যবস্থাপক ও মাঠ কর্মকর্তা |
| | | | উপজেলা কার্যালয় | আসল টাকার সাথে যুক্ত করে মাসিক কিস্তিতে আদায় করা হয়ে থাকে। | | |
| ৬ | সঞ্চয় জমা | সদস্য সপ্তাহে কমপক্ষে ২০ টাকা করে সাপ্তাহিক সঞ্চয় জমার মাধ্যমে নিজস্ব পুঁজি গঠন করে থাকেন। সঞ্চয় জমার উপর সদস্যগণ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে মুনাফা পেয়ে থাকেন এবং তা উত্তোলন করতে পারেন। প্রথমে ঋণের বিপরীতে ৫% হারে এবং ধাপে ধাপে বর্ধিত ঋণের বিপরীতে ১০%থেকে ১৫% পর্যন্ত সঞ্চয় জমা রাখতে হয়। | সংশ্লিষ্ট উপজেলা কার্যালয় | বিনামূল্যে | ০১ দিন | উপজেলা ব্যবস্থাপক ও মাঠ কর্মকর্তাগণ |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| 7 | প্রশিক্ষণ | আয়বর্ধনমূলক কার্যক্রম বাস্তবায়নে সুফলভোগী সদস্যদের আধুনিক চাষাবাদ ও উৎপাদন প্রযুক্তিতে দক্ষতা বৃদ্ধিতে যেমনঃ কৃষি, শাক সবজি চাষ, মৎস্য চাষ, হাঁস-মুরগীর খামার, গবাদি পশু প্রতিপালন, উন্নত কৃষি প্রযুক্তির ব্যবহার ইত্যাদি বিষয়ে পেয়ে থাকেন। এছাড়া স্বাস্থ্য, শিক্ষা ও পুষ্টি সচেতনতা, বাল্য বিবাহ রোধ এবং পরিকল্পিত পরিবার গঠনসহ বিভিন্ন সামাজিক ও অর্থনৈতি উন্নয়ন ও কার্যক্রমে সচেতনতামূলক প্রশিক্ষণ দেয়া হয়। | উপজেলা কার্যালয় | বিনামূল্যে | ০১ দিন | উপজেলা পর্যায়ে প্রশিক্ষণের বিষয়ে সরকারের সংশ্লিষ্ট বিভাগের এবং এ প্রতিষ্ঠানের বিশেষজ্ঞ কর্মকর্তাগণ। |
| ৮ | অনলাইন অটোমেশন সেবা | অনলাইনে এসএফডিএফ-এর সকল সদস্যের নাম, আইডি নম্বর, মোবাইল নম্বর, স্থায়ী ঠিকানা, ঋণ গ্রহণের পরিমাণ, কিস্তি পরিশোধের তথ্য ও অনাদায়ী কিস্তি খেলাপি ও তামাদি খেলাপির সকল তথ্য তাৎক্ষণিকভাবে জানার সুযোগ রয়েছে।<br>তাৎক্ষণিকভাবে সদস্যগণ নিজ নিজ সঞ্চয় ও ঋণের কিস্তি জমার পরিমাণ, বকেয়া ঋণের পরিমাণ ও অন্যান্য সকল তথ্য অনলাইন দেখতে ও প্রয়োজনে ব্যবহার করতে পারবেন। | সংশ্লিষ্ট উপজেলা কার্যালয় | বিনামূল্যে | - | এসএফডিএফ-এর কর্মএলাকাভূক্ত উপজেলা কার্যালয় |
| ৯ | এসএমএস সার্ভিস | ফাউন্ডেশনের অটোমেশনে সুফলভোগীদের সঞ্চয় ও ঋণ সংক্রান্ত তথ্যাদিসহ অন্যান্য যাবতীয় ডাটাবেজের সাথে সদস্যদের মোবাইল নম্বর সংযোজিত করা হয়। সদস্যদের দৈনিক সঞ্চয় ও ঋণের সকল ধরনের লেনদেনের এসএমএস সদস্যদের মোবাইল নম্বরে অটো প্রেরণ করা হয়। ফলে সদস্যগণ দিনের মধ্যেই তাদের সঞ্চয় ও ঋণের সকল তথ্যাদি এসএমএস এর মাধ্যমে অবহিত হতে পারেন। | কেন্দ্র পর্যায়ে সুফলভোগী সদস্য | ৩৫ টাকা/ এসএমএস | ০১ দিন | এসএফডিএফ-এর কর্মএলাকাভূক্ত উপজেলা কার্যালয় |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১০ | বায়োমেট্রিক সেবা | একাধিক ঋণ গ্রহণ ও ভূয়া ঋণ গ্রহণ সংক্রান্ত অনিয়ম রোধ করার জন্য সদস্যদের স্বাক্ষরের পাশাপাশি আঙ্গুলের ছাপ গ্রহণ/সংরক্ষণের লক্ষ্যে বায়োমেট্রিক মেশিন অটোমেশন সফটওয়্যারের সাথে সংযোগ স্থাপনের কাজ সম্পাদন করা হচ্ছে। ঋণ বিতরণের সময় বায়োমেট্রিক মেশিনের মাধ্যমে সদস্যদের আঙ্গুলের ছাপ অটোমেশন সফটওয়্যারে সংরক্ষণ করা হয়। ফলে একজন সদস্য অন্য নামে বা নিজ নামে নিজ উপজেলা বা ফাউন্ডেশনের আওতাধীন অন্য কোন উপজেলায় ঋণ গ্রহণ করতে গেলে অটোমেশন সফটওয়্যার নোটিফিকেশন দিবে। ফলে একসাথে বা ভিন্ননামে একাধিক ঋণ নিতে সক্ষম হবেন না। পাশাপাশি এনআইডিতে প্রদত্ত আঙ্গুলের ছাপ ও স্বাক্ষরের সাথে তা চেক করার ব্যবস্থাও প্রক্রিয়াধীন রয়েছে। | সংশ্লিষ্ট উপজেলা কার্যালয় | বিনামূল্যে | ৫ মিনিট | এসএফডিএফ-এর কর্মএলাকাভূক্ত উপজেলা কার্যালয় |
| 11 | অভিযোগ ও পরামর্শঃ সুফলভোগী সদস্য ও সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী ও দেশের যে কোন নাগরিক। | এসএফডিএফ এর কোন কর্মকর্তা সেবা প্রদানে, ঋণ সুবিধা প্রদানে, কিস্তি আদায়ে, সঞ্চয়ের উপর মুনাফা সুবিধা প্রদানে, পুঁজি উত্তোলনে বা অন্য যে কোন সেবা ক্ষেত্রে কোন আর্থিক সুবিধা গ্রহণ করতে পারবেন না। এ ধরনের কোন ঘটনা ঘটলে তা প্রতিকারের জন্য সাথে সাথে মহাব্যবস্থাপক , ব্যবস্থাপনা পরিচালককে ফোনে বা লিখিতবাবে অভিযোগ করা যাবে। এছাড়া এসএফডিএফ এর কার্যক্রম উন্নয়নের জন্য কোন পরামর্শ থাকলে তা প্রধান কার্যালয়ে লিখিতভাবে জানানো যাবে | - | বিনামূল্যে | ৭ দিন | ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, পল্লী ভবন (৭ম তলা) ৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫। ফোন:০২-৮১৮০১৫০; মোবাঃ ০১৭৬৯-৫৯৪২০১ ই-মেইল- info@sfdf.gov.bd ওয়েব- www.sfdf.gov.bd |